



২৩ জুলাই ২০১৫

সাতক্ষীরার শ্যামনগরে গাছে বেঁধে দুই শিশুকে নির্যাতনের প্রতিবাদ

সিলেটে নির্মমভাবে পিটিয়ে নির্যাতন করে শিশু রাজন হত্যার বিচারের দাবিতে যখন সারাদেশ সোচ্চার এবং একেরপর এক অপরাধীকে আইনের আওতায় আনা হচ্ছে এমন সময় আবারো শিশু নির্যাতনের ঘটনা ঘটলো সাতক্ষীরার শ্যামনগরে।

পত্রিকায় প্রকাশিত সংবাদের ভিত্তিতে জানা যায় যে, শিশু ইয়াসিন (৮) ও নাসিম (৯) খেলা করার সময় সরকারি রাস্তায় খেজুরের কাটা দিয়ে তৈরি বেড়া ভেঙ্গে ফেলায় প্রতিবেশী গোলাম মোস্তফা মোড়ল ক্ষিপ্ত হয়ে এই দুই শিশুকে ধরে এনে পায়ে শিকল পরিয়ে মোটা দড়ি শিশু দুটির শরীরে পেঁচিয়ে গাছের সাথে সকাল ৭টা থেকে দুপুর ১২টা পর্যন্ত বেঁধে রেখে মারধর, গালাগালি ও নির্যাতন করে। এ সময় শিশু দুটি পানি খেতে চাইলে পচা শামুক তাদের মুখের ভিতর ভরে দেওয়া হয়। গত ১৬ জুলাই এ ঘটনা ঘটলেও সম্প্রতি জানাজানি হয়। পরবর্তীতে এ ঘটনায় শিশু নাসিমের পিতা হামিদ তরফদার বাদী হয়ে মামলা করলে পুলিশ নির্যাতনকারী গোলাম মোস্তফাকে আটক করে। (তথ্য সূত্রঃ প্রথম আলো, সমকাল, সংবাদ- ২৩.০৭.২০১৫)

এই বর্বর ঘটনার আমরা তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং নিন্দা ও ঘৃণা প্রকাশ করছি। আর একটু হলে এই দুই শিশুকেও বরণ করতে হতো শিশু রাজনের ভাগ্য। আমরা অভিযুক্ত শিশু নির্যাতনকারী গোলাম মোস্তফার যথোপযুক্ত শাস্তি নিশ্চিত করার দাবি জানাচ্ছি এবং সে যাতে সহসাই আইনের ফাঁক গলিয়ে পার না পায় সে ব্যপারে পুলিশসহ সরকারের সংশ্লিষ্ট সকল বিভাগ ও দপ্তরসমূহকে দ্রুত ও কঠোর ব্যবস্থা নেওয়ার জন্য জোর আবেদন জানাচ্ছি।

আমরা অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করছি, সাম্প্রতিককালে অতি তুচ্ছ কারনেও নির্মমভাবে পিটিয়ে শিশু নির্যাতন ও হত্যার প্রবণতা বেড়ে গিয়েছে। শিশু নির্যাতনের ঘটনায় অভিযুক্তদের দ্রুত বিচার আদালতে বিচারের মাধ্যমে কঠোর শাস্তি নিশ্চিত করা হলে শিশু নির্যাতন ও হত্যার প্রবণতা কমবে বলে আমাদের বিশ্বাস।

গভীর আন্তরিকতায়,

মো. এমরানুল হক চৌধুরী
চেয়ারপারসান, বাংলাদেশ শিশু অধিকার ফোরাম

আবদুছ সহিদ মাহমুদ
পরিচালক, বাংলাদেশ শিশু অধিকার ফোরাম